# BOX




চট্টগ্রাম ওয়াসার মুজিববর্ষ প্রকাশনা

ওয়াসা ভবন, দামপাড়া, চট্টগ্রাম, বাংলাদেশ

WASA Bhaban, Dampara, Chattogram, Bangladesh

Web : ctg-wasa.org.bd



# প্রাণজল
# PRANJOL
water for life

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উপলক্ষে চট্টগ্রাম ওয়াসার প্রকাশনা


A Publication of Chattogram WASA on the occasion of the
'Birth Centenary' of the father of the nation
Bangabandhu Sheikh Mujibur Rahman

# প্রাণজল
# PRANJOL

water for life


সম্পাদক | মহসীন কাজী

Editor | Mohsin Kazi


চট্টগ্রাম ওয়াসা
WASA
চট্টগ্রাম ওয়াসা

একটি ভাষণ কীভাবে গোটা জাতিকে জাগিয়ে তোলে, স্বাধীনতার জন্য মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়তে উৎসাহিত করে, বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ তার অনন্য উদাহরণ। ইউনেস্কো ২০১৭ সালের ৩০শে অক্টোবর বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণকে World's Documentary Heritage-এর মর্যাদা দিয়ে 'Momory of the World International Register' -অন্তর্ভুক্ত করেছে। এ ভাষণের কারণে বিশ্বখ্যাত নিউজ উইক ম্যাগাজিন ১৯৭১ সালের ৫ই এপ্রিল সংখ্যায় বঙ্গবন্ধুকে 'Poet of Politics' হিসেবে অভিহিত করে। মুক্তিযুদ্ধকালে পাকিস্তানের কারাগারে বন্দি অবস্থায় শাসকগোষ্ঠী তাঁকে ফাঁসির হুকুম দিয়েছিল। বঙ্গবন্ধু বলেছিলেন, "আমি তাদের কাছে নতি স্বীকার করবো না। ফাঁসির মঞ্চে যাওয়ার সময় আমি বলব, আমি বাঙালি, বাংলা আমার দেশ, বাংলা আমার ভাষা।" দেশ ও জনগণের প্রতি তাঁর অসামান্য অবদানের জন্য বাংলা বাংলাদেশ ও বঙ্গবন্ধু আজ এক ও অভিন্ন সত্তায় পরিণত হয়েছে।

স্বাধীনতার পর পাকিস্তান কারাগার থেকে মুক্ত হয়ে জাতির পিতা ১০ই জানুয়ারি স্বদেশ প্রত্যাবর্তন করেন। যুদ্ধবিধ্বস্ত অর্থনীতির পুনর্গঠনে তিনি সর্বশক্তি নিয়োগ করেন। মিত্রবাহিনীর সদস্যদের দেশে প্রত্যাবর্তন, স্বল্প সময়ের মধ্যে দেশের সংবিধান রচনা, জনগণের মৌলিক অধিকার পূরণ, সকল স্তরে দুর্নীতি নির্মূল, কৃষি বিপ্লব, কলকারখানাকে রাষ্ট্রীয়করণসহ দেশকে 'সোনার বাংলা' হিসেবে গড়ে তোলার সকল প্রস্তুতি গ্রহণ করেন। কিন্তু স্বাধীনতাবিরোধী ঘাতকচক্র ১৯৭৫ সালের ১৫ই আগস্ট তাঁকে সপরিবারে হত্যার মাধ্যমে বঙ্গবন্ধুর সেই স্বপ্ন পূরণ হতে দেয়নি।

রাজনীতিতে বঙ্গবন্ধু ছিলেন নীতি ও আদর্শের প্রতীক। বঙ্গবন্ধু রচিত 'অসমাপ্ত আত্মজীবনী' ও 'কারাগারের রোজনামচা'সহ তাঁর উপর লিখিত গ্রন্থ অধ্যয়ন করে নতুন প্রজন্ম বঙ্গবন্ধুর জীবন ও কর্ম সম্পর্কে জানতে পারবে এবং তাঁর আদর্শে অনুপ্রাণিত হয়ে আগামীতে জাতি গঠনে অবদান রাখতে সক্ষম হবে।

বঙ্গবন্ধু আমাদের মাঝে নেই, কিন্তু তাঁর আদর্শ আমাদের চিরন্তন প্রেরণার উৎস। তাঁর নীতি ও আদর্শ প্রজন্ম থেকে প্রজন্মান্তরে ছড়িয়ে পড়ুক। গড়ে উঠুক সাহসী, ত্যাগী ও আদর্শবাদী নেতৃত্ব-এ প্রত্যাশা করি। মুক্তিযুদ্ধের চেতনায় ঐক্যবদ্ধ হয়ে বঙ্গবন্ধুর অসমাপ্ত কাজ সম্পাদনের মাধ্যমে দেশকে সোনার বাংলায় পরিণত করাই হোক মুজিববর্ষে সকলের অঙ্গীকার।
খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক

**মোঃ আবদুল হামিদ**

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

রাষ্ট্রপতি




**PRESIDENT**
People's Republic of
Bangladesh
Bangabhaban, Dhaka


# MESSAGE

Today is 17th March, a memorable day in the history of the Bangali nation. This year is the birth centenary of the greatest Bangali of all time Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. On the very occasion, I pay my deep homage to the memory of the greatest leader. The Government has announced 'Mujib Year' to celebrate ostentatiously the birth centenary of the Father of the Nation both at home and abroad throughout the year. I call upon my fellow countrymen living at home and abroad to observe the birth centenary celebration of Bangabandhu in a very colourful and befitting manner.

Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, the architect of sovereign and independent Bangladesh, was born in Tungipara of Gopalganj district on 17th March in 1920. From his boyhood, this most distinguished great man was very kind and generous but uncompromising on attaining the rights. In the early forties of the last century, as a young student leader, having come into contact with Huseyn Shaheed Suhrawardy, Sher-e-Bangla A. K. Fazlul Haque and Moulana Abdul Hamid Khan Bhasani, Bangabandhu got involved in active politics. He led the nation in every democratic movement including All Party State Language Action Committee formed in 1948, the Language Movement in 1952, Jukta-Front Election in 1954, movement against Martial Law in 1958, Six Point Movement in 1966, Mass upsurge in 1969 and the General Election in 1970 for attaining freedom and rights of our people. He was sent to jail several times and had to bear inhuman sufferings for his active participation in those movements. Despite manifold challenges, he did never compromise with the Pakistani rulers on the question of establishing the rights of Bangalis.

On 7th March in 1971 at the Race Course Maidan, keeping with the feelings and aspirations of the Bangalis, Bangabandhu uttered in his thunderous voice, "The struggle this time is a struggle for emancipation, the struggle this time is a struggle for independence". This historic speech was, in fact, the true charter of our independence. On the night of 25th March, when Pakistani invaders fell upon the unarmed Bangalis in a blaze, Father of the Nation declared the long-cherished independence on 26th

March in 1971. We achieved ultimate victory on 16th December 1971 through a nine-month long armed struggle under the leadership of Bangabandhu. How an address can rouse the whole nation, inspire them to leap into the war of liberation for independence, the historic 7th March Speech by Bangabandhu is its unique example! UNESCO has recognized the 7th March Speech of Bangabandhu as part of the World's Documentary Heritage' and included it in the 'Memory of the World International Register' on 30th October 2017. The Newsweek Magazine in its Issue on 5th April in 1971 termed Bangabandhu as the 'Poet of Politics' for this historic speech. During our liberation war, Bangabandhu was confined in Pakistan jail and the then ruler of Pakistan farcically awarded him death sentence. But Bangabandhu said, "I shall not bow down my head to them rather I will say I am a Bangali, Bangla is my country, Bangla is my language". For his extraordinary contributions to the nation, Bangla, Bangladesh and Bangabandhu, thus, emerged as unique symbol to the people of Bangladesh.

Just after independence, Bangabandhu returned home on 10th January in 1972 freeing from Pakistion Jail. He put all-out efforts to rebuild the war-torn economy. He took all preparations including th returning of the members of allied forces to their country, framing the country's constitution in a short time, fulfilling the basic rights of the people, climinating corruption at all levels, launching agricultural revolution, nationalizing the industries to transform the country into 'Sonar Bangla. But the anti-liberation forces did not give the scope for materializing that dream as this murderer group assassinated Bangabandhu and almost all of his family members on 15th August in 1975.

In politics, Bangabandhu appears as a symbol of principle and ideals. The new generation will be able to know about the life and works of Bangabandhu by reading 'Unfinished Memoirs' and 'Karagarer Rojnamcha' (Diary in Jail) written by Bangabandhu himself and other autobiographical books written on him and thus will be able to contribute towards building the nation inspired by the ideology of Bangabandhu.

Bangabandhu is not amongst us but his ideals will remain to be our source of eternal inspiration. Let the principle and ideals of Bangabandhu spread from generation to generation; build a courageous, selfless and idealistic leadership- it is my expectation on this day. Imbued with the spirit of the war of liberation, let us pledge on the eve of 'Mujib Year' to turn Bangladesh into 'Sonar Bangla' by completing the unfinished tasks of Bangabandhu.

Khoda Hafez, May Bangladesh Live Forever.

**Md. Abdul Hamid**

SENIOR SECRETARY

Local Government Department
Ministry of Local Government
Rural Development & Cooperatives




# MESSAGE

I am happy to know that a publication titled 'Pranjol' is being published at the initiative of Chattogram WASA on the occasion of the birth centenary of the great architect of independence, Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman.

Bangabandhu Sheikh Mujibur Rahman's development philosophy was an economic, cultural, social and political liberation, in which the people will play a key role. After the independence of Bangladesh, he started the work of building the Sonar Bangla and went a long way. Keeping Bangabandhu's development philosophy in mind, Bangladesh under the leadership of Hon'ble Prime Minister Sheikh Hasina, in the last 12 years, has achieved enviable success in all fields including meeting basic needs of the people, population and human resource development, poverty alleviation, food and nutrition, health care, education, industry, women empowerment, energy security, infrastructure development, environment and water resources. Through different institutions under the Local Government Department various project are being implemented like poverty alleviation, development of grassroots to urban roads, construction of bridges and culverts, development of hat-bazaars and growth centers, construction of primary schools and supplying safe and potable water and sanitation in urban and rural areas.

As an important institution under the Local Government Department, Chattogram WASA has been able to increase water production from 140 million liters to 360 million liters and supply safe and secure water to the doorsteps of the people of Chattogram metropolis by connecting about 73,000 customers in the last ten years. Besides, keeping in view Rupkalpa-2021, Chattogram WASA is working to facilitate customer service by launching several internet based services including online billing service. I hope that Chattogram WASA will be able to supply safe and potable water to the doorsteps of 100% of the people of city through the launch of Karnaphuli Water Supply Project Phase-II this year. Besides, I hope that the work of Chattogram WASA sewerage project will start in this Mujib year.

Finally, I would like to express my sincere gratitude to all those involved in publishing 'Pranjol' on the occasion of the birth centenary of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. Joy Bangla, Joy Bangabandhu

**Helal Uddin Ahmed**

চেয়ারম্যান
চট্টগ্রাম ওয়াসা বোর্ড



# বাণী

১৭ মার্চ, বাঙালি জাতির ইতিহাসে এক চিরস্মরণীয় দিন। এ বছর সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতিরপিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী। এ দিনে আমি এ মহান নেতার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এ বছরকে মুজিববর্ষ হিসেবে পালন করার ঘোষণা দিয়েছেন। যা যথাযোগ্য মর্যাদায় দেশ ও বিদেশে পালিত হচ্ছে।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এ দেশের মানুষের মুক্তির সংগ্রামে ছাত্রজীবন থেকেই নিজের জীবনকে উৎসর্গ করেছিলেন। ব্রিটিশ শাসন-শোষণের হাত থেকে ১৯৪৭ সালে ভারতীয় উপমহাদেশ মুক্ত হলেও বাঙালির ওপর জেঁকে বসে পাকিস্তানি উপনিবেশিক শাসন-শোষণ ও নিপীড়ন-নির্যাতন। দীর্ঘ আন্দোলন আর লড়াই-সংগ্রামের ধারাবাহিক পথ পেরিয়ে তিনি বাঙালিকে স্বাধীনতা সংগ্রামের পথে উদ্বুদ্ধ করেন যার বহিঃপ্রকাশ ঘটে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে। একাত্তরের ৭ই মার্চ তিনি ঐতিহাসিক ভাষণে বাঙালিকে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ার চূড়ান্ত নির্দেশ দেন। ১৯৭১ সালের ৭ই মার্চ রেসকোর্স ময়দানে বাঙালির অনুভূতি ও আকাঙ্খাকে সামনে রেখে বঙ্গবন্ধু তাঁর বজ্রকণ্ঠে উচ্চারণ করেছিলেন 'এবারের সংগ্রাম, আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম, স্বাধীনতার সংগ্রাম'। এ ঐতিহাসিক ভাষণই ছিল আমাদের স্বাধীনতার সনদ।

স্বাধীনতার পর বঙ্গবন্ধু চেয়েছিলেন তাঁর উদ্ভাবিত উন্নয়ন দর্শনের ওপর ভিত্তি করে এমন এক বাংলাদেশ বিনির্মাণ করতে, যে দেশ হবে উন্নত-সমৃদ্ধ সোনার বাংলা; যে বাংলাদেশে নিশ্চিত হবে মানুষের সুযোগের সমতা, অর্থনৈতিক মুক্তি; যে বাংলাদেশ হবে জ্ঞান-চেতনাসমৃদ্ধ দেশপ্রেমে উদ্বুদ্ধ মানুষের দেশ। বঙ্গবন্ধু তাঁর দেশকে একটি কল্যাণ রাষ্ট্র হিসেবে গড়ে তোলার স্বপ্ন দেখেছিলেন। দুর্নীতির বিরুদ্ধে তাঁর লড়াই ছিল আপসহীন। নোবেল শান্তি পুরস্কার বিজয়ী বিশ্বখ্যাত আইনজীবী সনম্যাক ব্রাইড বলেছিলেন, 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বুঝতে পেরেছিলেন, স্বাধীনতা শুধু পতাকা পরিবর্তন ও দেশের নতুন নামকরণ বোঝায় না, তাঁর দৃষ্টিতে স্বাধীনতার অর্থ হলো সাংস্কৃতিক স্বাতন্ত্র্য ও নীতিবোধ সম্পন্ন আদর্শবাদ।'

বঙ্গবন্ধু সদ্য স্বাধীন দেশে মাত্র সাড়ে তিনবছর দেশ পরিচালনার সুযোগ পেয়েছিলেন। তার মধ্যে তিনি বাংলাদেশের সার্বিক উন্নয়নের জন্য সুদূরপ্রসারী পরিকল্পনা গ্রহণ করেছিলেন। বাংলাদেশের রাজনৈতিক স্বাধীনতা অর্জনের পর দারিদ্র্যপীড়িত বাংলাদেশের জনগণের দারিদ্র্য দূরীকরণ তথা অর্থনৈতিক মুক্তি অর্জনে বঙ্গবন্ধু প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা গ্রহণ করেন। উক্ত পরিকল্পনা অনুসারে বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন, খাদ্য উৎপাদন, অবকাঠামো উন্নয়ন, কৃষি, শিল্প, জ্বালানি, স্বাস্থ্যসহ সকল ক্ষেত্রেই নীতিনির্ধারণ এবং পুনর্গঠন কার্যক্রম গ্রহণ করেছিলেন।

মানবতারশত্রু, স্বাধীনতাবিরোধী, দেশি-বিদেশি ঘাতকের চক্রের হাতে শাহাদতবরণের ২১ বছর পর তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতা গ্রহণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার কাজে হাত দেন। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ সামাজিক, অর্থনৈতিকসহ সকল সূচকেই অভূতপূর্ব সাফল্য অর্জন করে ইতোমধ্যেই মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে। ২০৪১ সালে উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকার অবকাঠামো উন্নয়ন, শিল্প-বাণিজ্য, শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎ ও জ্বালানি, পানি সরবরাহ ও স্যানিটেশন, বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধি, রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিসহ সকলখাতেই প্রভূত উন্নয়ন সাধিত হয়েছে।

সরকারের উন্নয়নের ধারাবাহিকতায় চট্টগ্রাম মহানগরীর সম্মানিত জনসাধারণকে সুপেয় ও নিরাপদ পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন সেবা প্রদানকল্পে চট্টগ্রাম ওয়াসা নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

১৯৯৬ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আসার পর চট্টগ্রাম শহরে পানির সমস্যা সমাধানের জন্য উদ্যোগ গ্রহণ করেন। তদানুযায়ী, ১৯৯৯ সালে জাইকা কর্ণফুলী নদী হতে পানি পরিশোধন করে চট্টগ্রাম শহরে সরবরাহ করার জন্য প্রকল্প গ্রহণের উদ্দেশ্যে একটি সমীক্ষা কাজ (Special Assistance for Project Formation) পরিচালনা করে। সে সমীক্ষার ভিত্তিতে ২০০৫ সালে 'কর্ণফুলী পানি সরবরাহ প্রকল্প' নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়। কিন্তু জমি অধিগ্রহণ করতে না পারার কারণে উক্ত প্রকল্পের কাজ থমকে ছিল। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৯ সালে সরকার গঠনের পর চট্টগ্রামে এক সভায় চট্টগ্রামের পানি সমস্যা দূর করার প্রতিশ্রুতি দেন। ২০০৯ সালের নভেম্বরে সরকার ও চট্টগ্রাম ওয়াসার প্রচেষ্টায় ভূমি অধিগ্রহণ সংক্রান্ত সমস্যার সমাধান হয় এবং ২০১১ সালে প্রকল্প কাজ শুরু করা হয়। ২০১৬ সালের নভেম্বরে প্রকল্পের অধীনে নির্মিত 'শেখ হাসিনা পানি শোধনাগার' হতে ১৪ কোটি লিটার পানি পরীক্ষামূলকভাবে শহরে সরবরাহ করা হয়। ১২/০৩/২০১৭ খ্রি: মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রকল্পের শুভ উদ্বোধন করেন। এতে পানি উৎপাদন দৈনিক ৩০ কোটি লিটারে উন্নীত হয় এবং চট্টগ্রাম মহানগরীর পানির সমস্যা অনেকাংশে দূর হয়।

চট্টগ্রাম শহরের ক্রমবর্ধমান পানির চাহিদা পূরণে বিশ্বব্যাংক, বাংলাদেশ সরকার এবং চট্টগ্রাম ওয়াসার অর্থায়নে চট্টগ্রাম পানি সরবরাহ উন্নয়ন ও স্যানিটেশন প্রকল্পের আওতায় মদুনাঘাটে দৈনিক ০৯ কোটি লিটার ক্ষমতা সম্পন্ন পানি শোধনাগার (শেখ রাসেল পানি শোধনাগার), ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন পাইপ লাইন, পয়:নিষ্কাশন ও ড্রেনেজ মাস্টার প্ল্যান কাজ সমাপ্ত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী গত ২৬/০১ /২০২০ খ্রি: তারিখে শেখ রাসেল পানি শোধনাগার এর শুভ উদ্বোধন করেন। উক্ত পানি শোধনাগার হতে দৈনিক ০৯ কোটি লিটার পানি চট্টগ্রাম মহানগরীতে সরবরাহ করা হচ্ছে যার ফলে চট্টগ্রাম ওয়াসা দৈনিক সর্বমোট ৩৬ কোটি লিটার সুপেয় ও নিরাপদ পানি চট্টগ্রাম মহানগরীতে সরবরাহ করছে।

চট্টগ্রাম মহানগরীর শতভাগ পানির চাহিদা পূরণের লক্ষ্যে জাইকা, বাংলাদেশ সরকার এবং চট্টগ্রাম ওয়াসার অর্থায়নে কর্ণফুলী পানি সরবরাহ প্রকল্প (Phase 2) শীর্ষক প্রকল্পের আওতায় রাঙ্গুনিয়ার পোমরায় দৈনিক ১৪ কোটি লিটার ক্ষমতা সম্পন্ন আরও একটি পানি শোধনাগার নির্মাণ, চট্টগ্রাম মহানগরীর প্রায় ৬৫০ কিলোমিটার পাইপলাইন প্রতিস্থাপন করা হচ্ছে।

কর্ণফুলী নদীর পশ্চিম তীরে কোরিয়ান রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা, কাফকো, সিইউএফএল, চাইনিজ ইকোনমিক জোনসহ গড়ে ওঠা শিল্প এলাকাসমূহে পানি সরবরাহ করার লক্ষ্যে ২০১৫ সালে Economic Development of Co-operation Fund, Korea (KEDCF), বাংলাদেশ সরকার এবং চট্টগ্রাম ওয়াসার যৌথ অর্থায়নে 'ভাণ্ডালজুড়ি পানি সরবরাহ প্রকল্প' নামক একটি প্রকল্প গ্রহণ করা হয়। এ প্রকল্পের আওতায় নদীর পশ্চিম তীরে বোয়ালখালীর ভাণ্ডালজুড়ি নামক স্থানে দৈনিক ৬ কোটি লিটার ক্ষমতার পানি শোধনাগার নির্মাণ কাজ করা হচ্ছে। প্রকল্পটির কাজ সম্পন্ন হলে কর্ণফুলী নদীর পশ্চিম তীরে অবস্থিত শিল্পকারখানা এবং পটিয়া, আনোয়ারা ও বোয়ালখালী এলাকার জনগণকে পানি সরবরাহ ব্যবস্থার আওতায় আনা হবে।

প্রতিষ্ঠালগ্ন অর্থাৎ ১৯৬৩ সাল থেকে এ যাবত চট্টগ্রাম ওয়াসা'র কার্যক্রম প্রধানত সুপেয় ও নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থায় সীমাবদ্ধ ছিল। ২০১৭ সালে চট্টগ্রাম শহরের সকল জনগণকে আধুনিক পয়ঃনিষ্কাশন ব্যবস্থার আওতায় আনার লক্ষ্যে চট্টগ্রাম ওয়াসা পুরো শহরে ড্রেনেজ ও স্যানিটেশন মাস্টারপ্ল্যান প্রণয়ন করে। ড্রেনেজ মাস্টারপ্ল্যানের ওপর ভিত্তি করে বর্তমানে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এবং বাংলাদেশ সেনাবাহিনী চট্টগ্রাম মহানগরীর জলাবদ্ধতা নিরসন শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে।

স্যানিটেশন মাস্টারপ্ল্যানে পুরো শহরকে ০৬টি ক্যাচমেন্ট এলাকায় ভাগ করে প্রতি জোনের জন্য ০১টি করে পয়ঃশোধনাগার (এসটিপি) নির্মাণ এবং পুরো শহরের জন্য ২টি ফেক্যাল স্লাজ ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনের সুপারিশ করা হয়েছে। প্রণীত মাস্টার প্ল্যানের সুপারিশ অনুসারে মহানগরীর ০১টি ক্যাচমেন্ট (হালিশহর) এর জন্য বাংলাদেশ সরকারের অর্থায়নে ৩,৮০৮.৫৭ কোটি টাকা ব্যয়ে 'চট্টগ্রাম মহানগরীর পয়ঃনিষ্কাশন ব্যবস্থা স্থাপনপ্রকল্প (১ম পর্যায়)' শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। এ প্রকল্পের আওতায় দৈনিক ১০ কোটি লিটার পরিশোধন ক্ষমতাসম্পন্ন ০১ টি পয়ঃশোধনাগার (স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট), দৈনিক ৩০০ ঘনমিটার পরিশোধন ক্ষমতা সম্পন্ন ০১ টি ফেক্যাল স্লাজ ট্রিটমেন্ট প্ল্যান্ট এবং ২০০ কিলোমিটার পয়:পাইপলাইন নির্মাণ করা হবে। ইতোমধ্যে প্রকল্পের নকশা ও নির্মাণ তদারকিকরণ সেবার জন্য মালয়েশিয়াভিত্তিক কারিগরি পরামর্শক JV of ERINCO SDN. BHD., Malaysia কে নিযুক্ত করা হয়েছে।

আমি আশা রাখি, এ সকল প্রকল্প সমাপ্ত হলে চট্টগ্রাম মহানগরীর শতভাগ জনসাধারণকে সুপেয় পানি সরবরাহ এবং উন্নত স্যানিটেশন ব্যবস্থার আওতায় আনা সম্ভব হবে।

আজ বঙ্গবন্ধু আমাদের মাঝে নেই, তবে তাঁর মহান আদর্শই আমাদের অনুপ্রেরণার উৎস এবং তাঁর অসম্পূর্ণ কাজগুলি সম্পন্ন করার মাধ্যমে বাংলাদেশকে বঙ্গবন্ধুর 'সোনার বাংলা'য় পরিণত করার লক্ষ্যে তাঁর আদর্শ তরুণ প্রজন্মের মাঝে ছড়িয়ে দেয়াই আমাদের মূল দায়িত্ব।

প্রফেসর ড: প্রকৌশলী মো. জাহাঙ্গীর আলম



# চিরপ্রাসঙ্গিক বঙ্গবন্ধু

মোঃ আবদুল হামিদ

# EVER RELEVANT BANGABANDHU

Md. Abdul Hamid

রাষ্ট্র হিসেবে যেমন বাংলাদেশ, ব্যক্তি হিসেবে তেমন আমি একটি বিশেষ সময় পার করছি। 'বিশেষ সময়' এ কারণে নয় যে, তৃণমূলে রাজনীতি শুরু করে এখন আমি বাংলাদেশ রাষ্ট্রের আনুষ্ঠানিক প্রধান। বরং আমার কাছে বর্তমান সময়ের বিশেষত্ব এই- আমি যখন রাষ্ট্রপ্রধান, তখনই পালিত হচ্ছে 'মুজিববর্ষ'। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী। আগেও বিভিন্ন সময়ে বলেছি- রাষ্ট্রপতি হিসেবে আমার দুই মেয়াদে মুজিববর্ষ নিঃসন্দেহে এক অনন্য মাইলফলক। সন্দেহ নেই যে, সাধারণ নাগরিক হিসেবেও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী আমার কাছে সমান গুরুত্বপূর্ণ। কিন্তু রাষ্ট্রপতি হিসেবে আমি যে এই ইতিহাসের অংশ হতে পারছি, তাও নিঃসন্দেহে অনন্য।

মুজিববর্ষ উপলক্ষে দেশে-বিদেশে বিভিন্ন আয়োজন আমার কাছে নিছক আনুষ্ঠানিকতা নয়; বরং আবেগের অনুষঙ্গ।

Both Bangladesh as a state and I myself as a person are passing through a very special period. It is a special time in the sense that I have become the formal President of Bangladesh after starting my political career in the grassroots level. For me, the true specialty of the time is that the MujibYear-- the Birth Centenary of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman-- is being observed at the time when I am the Head of the State. I have also said a number of times earlier that the Mujib Centenary is doubtlessly an extraordinary milestone in my second tenure as the President. Undeniably, the Birth Centenary of Bangabandhu would be important equally to me even as a common citizen. But it is also a unique thing that I am able to become the part of this historical event as

বস্তুত আমরা যারা ষাটের দশকে বাঙালির রাখাল রাজা শেখ মুজিবের আহ্বানে রাজনীতিতে দীক্ষা নিয়েছিলাম, তাদের কাছে বঙ্গবন্ধু কেবল একজন ব্যক্তি নন। বঙ্গবন্ধু মানে আমাদের কাছে একটি প্রতীক, একটি আবেগ, একটি হৃদয় নিংড়ানো আহ্বান, একটি নতুন দিগন্তের নাম। আমরা যারা মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছি, স্বজন ও সহযোদ্ধার রক্ত ও প্রাণের বিনিময়ে দেশের স্বাধীনতা ছিনিয়ে এনেছি; তাদের কাছে বঙ্গবন্ধু মানেই বাংলাদেশ। বঙ্গবন্ধু যদি 'যার যা কিছু আছে, তাই নিয়ে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে' পড়ার আহ্বান না জানাতেন, তাহলে হয়তো স্বাধীনতা যুদ্ধ এভাবে জনযুদ্ধে পরিণত হতো না।

আমরা মনেপ্রাণে বিশ্বাস করি, বঙ্গবন্ধুর জন্ম না হলে বাংলাদেশ নামে স্বাধীন রাষ্ট্রের জন্ম হতো না। তিনি জাতির পিতা কেবল এই কারণে নন যে, স্বাধীনতা-সংগ্রামে নেতৃত্ব দিয়েছেন। তিনি জাতির পিতা এই কারণেও যে, এই দেশের যা কিছু- সবই তিনি জন্ম দিয়েছিলেন। এমনকি 'বাংলাদেশ' নামটিও তার দেওয়া। বিশ্বে আরও বিভিন্ন দেশের জাতির পিতা রয়েছেন। আমাদের এ অঞ্চলেও রয়েছেন মহাত্মা মোহনদাস করমচাঁদ গান্ধী কিংবা মোহাম্মদ আলী জিন্নাহ। কিন্তু কয়টি দেশের জাতির পিতা তার দেশের নামও রাখতে পেরেছেন? জাতির পিতা হিসেবেও বঙ্গবন্ধু সে ক্ষেত্রে অনন্য।

আমি মনে করি, সরকার ২০২০ সালের ১৭ মার্চ থেকে ২০২১ সালের ২৬ মার্চ বাংলাদেশের জন্য 'মুজিববর্ষ' ঘোষণা করে এক ঐতিহাসিক দায়িত্ব পালন করেছে। বাঙালি জাতি সভ্যতা, সংস্কৃতি, শিক্ষা, সাহিত্য, রাজনীতি, অর্থনীতিতে ভারতীয় উপমহাদেশে সব সময়ই অগ্রগণ্য ছিল। কিন্তু বাঙালির নিজস্ব রাষ্ট্র ছিল না। বঙ্গবন্ধু এই অগ্রসর জাতিকে একটি স্বাধীন-সার্বভৌম রাষ্ট্র দিয়ে জাতির হাজার বছরের পরিক্রমায় এক অনন্য স্থান অধিকার করে নিয়েছেন। তাই আমরা তাকে বলি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি।

দুই.

হাজার বছরের কথা বলি আমরা; কিন্তু নিজের জীবন দিয়ে বুঝি, একটি জাতির জীবনে একশ' বছরও কম নয়। সেদিক থেকে নিজেকে আমার পরম সৌভাগ্যবান মনে হয় যে, বঙ্গবন্ধুর সঙ্গে আমরা একই আকাশের নিচে থেকেছি। একই বায়ুমণ্ডল থেকে নিঃশ্বাস গ্রহণ করেছি। আমার গোটা রাজনৈতিক জীবনে তারই আদর্শের পতাকা বহন করে নিয়ে চলেছি; এটাও কম গৌরবের নয়। আমি তার জন্মশতবার্ষিকী দেখে যেতে পারছি। বঙ্গবন্ধুর অনেক সহকর্মীর এই সৌভাগ্য হয়নি।

বস্তুত আমার জীবনে বঙ্গবন্ধু ধ্রুবতারার মতো হয়ে আছেন। দীর্ঘ ৭৭ বছরের জীবনে যখন পেছন ফিরে দেখি; দেখতে পাই আমার জীবনের যে অভিমুখ ও অর্জন, সবই বঙ্গবন্ধুর অবদান। মাত্র ২৫ বছর বয়সের আমাকে তিনি জাতীয়

the country's incumbent President

Different ceremonies being held home and abroad to celebrate the MujibYear are just not some formalities rather the expressions of our national sentiment. Actually Bangabandhu, the 'Shepherd King' of the Bengalis, is just not simply a person for us who joined the active politics in 1960s, responding to his clarion call. To us, Bangabandhu is the name of a symbol, an emotion, a heart-rending call, the opening of a new horizon. Bangabandhu means Bangladesh to us who joined in the Great War of Independence, and earned the country's freedom in exchange of their near and dear ones' and comrades' blood. If Bangabandhu did not make a call"to jump into the fight for freedom with whatever weapons we had", the War of Liberation would not become a war of the people.

We believe heart and soul that an independent country named Bangladesh would not take birth if Bangabandhu had not been born. He is the Father of the Nation, as he not only led our War of Independence, but also gave birth to everything of this country. Even the country was named as 'Bangladesh' by none other than Bangabandhu. There are many other Fathers of the Nations in the world. National father figures like Mahatma Mohandas Karamchand Gandhi and Mohammad Ali Jinnah are also there in our region. But how many Fathers of Nations are there who could name their countries? So Bangabandhu is incomparable as the Father of a Nation too.

I think, the Government of Bangladesh is bearing a historical responsibility by declaring 'Mujib Year' from March 17, 2020 to March 26, 2021. The Bengalis as a nation in the sub-continent were always in a prominent position in the fields of civilisation, culture, education, literature and economy. But the Bengalis did not have a state of their own. Bangabandhu has acquired a unique place in the nation's history of a millennium by offering an independent and sovereign state to this progressive nation. That is why we call him as the best Bengali of the millennium.

Two.

We often talk about a millennium. But I have learnt from my own life that even a century may

পরিষদ নির্বাচনে মনোনয়ন দিয়েছিলেন। আমি হয়েছিলাম তৎকালীন পাকিস্তান জাতীয় পরিষদের সর্বকনিষ্ঠ সদস্য। একমাত্র বঙ্গবন্ধুর পক্ষেই সম্ভব একজন তরুণের মধ্যে ভবিষ্যৎ সম্ভাবনা দেখতে পাওয়া। আমার মতো লাখো তরুণের মধ্যে কেবল নয়, গোটা জাতির ভবিষ্যৎদ্রষ্টা ছিলেন বঙ্গবন্ধু। তার তারুণ্য থেকেই তাই বাঙালির স্বতন্ত্র রাষ্ট্রের স্বপ্ন দেখেছেন। শুধু স্বপ্ন দেখেননি; বাস্তবায়নে রাত-দিন কাজ করেছেন। আমাদের স্বপ্ন দেখিয়েছেন। হ্যামিলনের বাঁশিওয়ালার মতো গোটা জাতি তার পেছনে ঐক্যবদ্ধ হয়েছে। আমাদের একটি স্বাধীন রাষ্ট্র উপহার দিয়েছেন তিনি।

বঙ্গবন্ধুকে প্রথম দেখার স্মৃতি গোটা জীবনে ভোলার নয়। ১৯৬৪ সালের কথা। বাঙালির প্রাণের নেতা শেখ মুজিবুর রহমান তখনও বঙ্গবন্ধু হয়ে ওঠেননি। আমরা তাকে 'মুজিব ভাই' ডাকি। আমি তখন কিশোরগঞ্জের গুরুদয়াল কলেজের ছাত্র এবং কিশোরগঞ্জ মহকুমা ছাত্রলীগের প্রতিষ্ঠাতা সভাপতি। মুজিব ভাই ওই সময় কিশোরগঞ্জ আসেন আওয়ামী লীগের সমাবেশে। প্রিয় নেতাকে কাছে থেকে দেখব, তার সঙ্গে কথা বলব- এই ইচ্ছা থেকেই ছাত্রলীগের দু-তিনশ' কর্মীকে সঙ্গে নিয়ে ছুটে গেলাম রঙমহল সিনেমা হলের সামনে। ভেতরে জায়গা থাকা সত্ত্বেও আওয়ামী লীগ নেতারা আমাদের ঢুকতে দিলেন না। তাদের বক্তব্য, এটা ছাত্রলীগের অনুষ্ঠান নয়। তারপরও আমরা বাইরে অপেক্ষা করতে থাকলাম। নেতা বের হলে প্রয়োজনে রাস্তার মধ্যেই তার সঙ্গে দেখা করব, কথা বলব। সন্ধ্যার আগেই সমাবেশ শেষ হলো। বঙ্গবন্ধু বেরিয়ে আসছেন। তাৎক্ষণিক স্লোগান ধরলাম- 'মুজিব ভাই যেখানে, আমরা আছি সেখানে'। বুঝতে পারলাম, দৃষ্টি আকর্ষণ করতে পেরেছি। নেতা এসে জড়িয়ে ধরতেই পরিচয় দিয়ে অভিযোগ জানালাম- 'আমরা ছাত্রলীগের নেতাকর্মীরা এসেছিলাম আপনার বক্তৃতা শুনতে; কিন্তু আওয়ামী লীগ নেতারা আমাদের হলের ভেতরে ঢুকতে দেননি।' মুজিব ভাই তখন সবার সামনেই বললেন, 'আরে আওয়ামী লীগ বাদ দে, তোরা ছাত্রলীগের নেতাকর্মীরাই আমার আসল শক্তি।' নেতার সেই অভয় বাণী আমার কানে এখনও বাজে। তার আলিঙ্গনের স্পর্শ আমি এখনও অনুভব করতে পারি। সেদিনই সিদ্ধান্ত নিয়েছিলাম, বঙ্গবন্ধুর রাজনীতিই আমার রাজনীতি। তার জন্য প্রয়োজনে জীবন দেব।

কয়েক বছর পর, '৬৬ সালে ছয় দফা ঘোষিত হলো। নেতার নির্দেশে আমরাও আন্দোলনে ঝাঁপিয়ে পড়লাম। সম্ভবত '৬৭ সালের প্রথম দিকে সিলেটে গিয়ে গ্রেপ্তার হলেন তিনি। খবর পেলাম, পুলিশ তাকে বাহাদুরাবাদ মেইল ট্রেনে করে সিলেট থেকে ময়মনসিংহ নিয়ে যাবে। আমরা চার-পাঁচ হাজার ছাত্র জড়ো হয়ে কিশোরগঞ্জ রেলস্টেশন অবরুদ্ধ করে ফেললাম। রাত ১২টায় ট্রেন এলো। তাকে রাখা হয়েছিল ফার্স্ট ক্লাসের

also bear very much importance in a nation's life. From that perspective, I feel very much fortunate that I was there with Bangabandhu at the same time and under the same sky. We breathed in the same atmosphere. It is also a matter of great glory that I am bearing the banner of his ideal all along my political life. Besides, I have the sheer good luck to witness his birth centenary, which many of my friends have not.

To speak the truth, Bangabandhu has been playing the role of the polar star in my life. Whenever I look back toward my long life of 77 years, I can see all the goals and achievements in my life are but the contributions of Bangabandhu. He nominated me as a candidate for National Assembly Election when I was just 25. I was the youngest member of the than Pakistan National Assembly. This was possible only in case of a great leader like Bangabandhu to foresee the future prospects in a young man. He was the foreseer not only of millions of young men like me, but also of the whole nation. From the prime of his age, he dreamed of a separate state for the Bengalis. He did not only dreamed,but also toiled day and night to materialise it. He taught us too to dream the same. He was a figure like the pied piper of Hamelin, and so the whole nation responded to his tune and became assembled behind him. He blessed us with his gift of a free and sovereign country.

The memory of seeing Bangabandhu for the first time is just unforgettable in my whole life. It was in the year of 1964. He was not yet conferred with the title 'Bangabandhu' as the dearest leader of Bengalis, and was mentioned simply as Sheikh Mujibur Rahman. We used to call him as 'Mujib Bhai' (Brother Mujib). At that time, I was a student of Gurudayal College in Kishoreganj and the founder president of the Kishoreganj sub-division unit of Bangladesh Chhatra League (BCL), the student wing of Awami League. At that time Mujib Bhai came to Kishoreganj to join in a rally of Awami League. Out of a hope to see the dear leader from a close quarter and to talk with him, I along with about two to three hundred Chhatra League activists rushed to the premises of the local Rangmahal Cinema Hall, which was the venue of the meeting. The Awami League leaders did not allow us to enter inside the hall, though there was enough

করে থাকলেন।

সভায় যাওয়ার সময় আগত। তিনি প্রস্তুত হয়ে রওয়ানা হলেন।

আমরাও অন্য একটা গাড়িতে মাঠে পৌঁছলাম। মা বাড়িতেই থাকলেন। রেসকোর্স ময়দানে পৌঁছে তিনি দৃপ্ত পায়ে মঞ্চে উঠলেন। একনজর তাকালেন উত্তাল জনসমুদ্রের দিকে। তারপর বজ্রকণ্ঠে গর্জে উঠলেন : 'ভাইয়েরা আমার...'

এ ঐতিহাসিক ভাষণ যখন তিনি দেন, তাঁর হাতে কোনো কাগজ ছিল না, ছিল না কোনো নোট। চোখের চশমাটা খুলে টেবিলে রেখে তিনি ভাষণটা দিলেন, ঠিক যে কথা তাঁর মনে এসেছিল, সে কথাগুলিই তিনি বলেছিলেন। বাংলার মানুষের মনে প্রতিটি কথা গেঁথে গিয়েছিল। 'স্বাধীনতা', এ শব্দটা বুকে ধারণ করে তিনি যে-নির্দেশনা দিয়েছিলেন, তা দেশের মুক্তিকামী মানুষ অক্ষরে অক্ষরে পালন করে বিজয় অর্জন করেছিল। শোষণ-বঞ্চনার হাত থেকে মুক্তি পেয়েছিল।

স্বাধীনতার সাতচল্লিশ বছর পার হয়েছে। এ ভাষণের আবেদন এখনো অটুট রয়েছে। পৃথিবীর কোনো ভাষণ এত দীর্ঘ সময় আবেদন ধরে রাখতে পারেনি। এই সাতচল্লিশ বছর ধরে এই ভাষণ কতবার এবং কত জায়গায় বাজানো হয়েছে, কত মানুষ শুনেছে তা কি কখনো হিসেব করা গেছে? যায়নি। প্রতি বছর ৭ মার্চ ভাষণ বাজানো হচ্ছে ঢাকা শহর থেকে প্রত্যন্ত গ্রাম পর্যন্ত। স্বাধীনতা ও জাতীয় দিবসগুলিতে মানুষ এ ভাষণ শোনে, প্রেরণা পায়।

তবে ১৯৭৫ সালের ১৫ আগস্ট যখন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবার হত্যা করে সামরিক শাসন জারি করা হয়, মিলিটারি ডিক্টেটর ক্ষমতা দখল করে, তখন এ ভাষণ নিষিদ্ধ করা হয়েছিল।

তারপরও মুজিব ভক্ত আওয়ামী লীগের নেতাকর্মীরা থেমে থাকেনি। এ ভাষণ বাজাতে গিয়ে অনেকে নির্যাতনের শিকার হয়েছে, মৃত্যুর কোলে ঢলে পড়েছে, কিন্তু তারপরও এ ভাষণ তারা বাজিয়েছে, শুনেছে।

যে ভাষণ মুক্তিযুদ্ধের সময় রণাঙ্গনে এবং বাংলাদেশের জনগণের প্রেরণা ছিল, স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে বজ্রকণ্ঠের এ ভাষণ মানুষের মাঝে শক্তি জুগিয়েছিল, রণাঙ্গনের মুক্তিযোদ্ধাদের প্রেরণা দিয়েছিল, সে ভাষণ ছিল নিষিদ্ধ।

১৯৭৫ সালের পর ২১ বছর সময় লেগেছে এ ভাষণ জনগণের সামনে সরকারিভাবে প্রচার করার জন্য। ১৯৯৬ সালে বাংলাদেশ আওয়ামী লীগ রাষ্ট্র পরিচালনার দায়িত্বে আসার পর সরকারি গণমাধ্যমে এই ভাষণ প্রচার শুরু হয়।

আজ এ ভাষণ ডকুমেন্টারি হেরিটেজ বা বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে স্বীকৃতি পেয়েছে। জাতিসংঘের ইউনেস্কো তার মেমোরি অব দ্য ওয়ার্ল্ড 'ইন্টারন্যাশনাল রেজিস্টার'-এ

were giving their comments. There were so many written paper sheets, enough almost to fulfill a large sack.

Bangabandhu Sheikh Mujib came to the first floor from the ground floor of the house. My mother Begum Fazilatunnesa handed him over a cup of tea after adding two drops of juice from a piece of fresh lemon. She told him, "Sit down here, please. Have the tea. I'm preparing some food for you."

Many of our leaders also appeared there in the meantime. Many of our relatives were also there. Student leaders were also coming in and going out of the room frequently.

The time was almost up. My mother served foods on the dining table. Those were not so costly or exceptional foods. All were simple Bengali foods like rice, vegetables, fish fry and fish curry.

The leader finished his lunch. Others who were present there also ate with him. Hot discussions continued even when they were taking food. After they finished their lunch, my mother told others, "Now you can start for the meeting."

Then mother asked father to go inside their bedroom, which was just next to the room. I also accompanied father when he went to the bedroom. "Take rest a while," ma told father. Obeying her, father lied down on the bed. I stroked his head lightly so that he could fall asleep quickly. It was my regular habit to do so. Ma set nearby drawing a small chair, with her betel leaf-box in hand. Then she said to father, "See, you have fought all your life for sake of the people of this country. So, none but you know the best of what to do for them. The people have come here to hear you. You don't pay heed to others' words. You will tell the people what you like to tell. And I know, those will be right words for them."

Father listened to her attentively. He kept his eyes closed for a few minutes.

The time came at last to go to the meeting. Father got ready and started for the Race Course Ground, the venue of the meeting.

We also arrived at the venue by another car. Mother stayed at home. In Race Course, father marched towards the stage with steady steps.

বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ অন্তর্ভুক্ত করেছে।

বি এন আহুজা সম্পাদিত 'দ্য ওয়ার্ল্ডস গ্রেট স্পিচেস' শীর্ষক রেফারেন্স বইয়ে এই ভাষণ স্থান পেয়েছে। লেখক ও ইতিহাসবিদ জেকব এফ ফিল্ড-এর বিশ্বসেরা ভাষণ নিয়ে লেখা 'উই শ্যাল ফাইট অন দ্য বিচেস : দ্য স্পিচেস দ্যাট ইনস্পায়ার্ড হিস্টরি' গ্রন্থেও স্থান পেয়েছে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ।

বিশ্বের বিখ্যাত যত ভাষণ বিশ্বনেতারা দিয়েছেন, সবই ছিল লিখিত, পূর্ব প্রস্তুতকৃত ভাষণ। আর ৭ মার্চের ভাষণটি ছিল সম্পূর্ণ স্বতঃস্ফূর্ত, উপস্থিত বক্তৃতা। এই ভাষণ ছিল একজন নেতার দীর্ঘ সংগ্রামের অভিজ্ঞতা ও আগামী দিনের কর্মপরিকল্পনা। একটা যুদ্ধের প্রস্তুতি। যে যুদ্ধ এনে দিয়েছে বিজয়। বিজয়ের রূপরেখা ছিল এ বক্তৃতায় যা সাত কোটি মানুষকে উদ্বুদ্ধ করেছিল। ছিল ভবিষ্যৎ কর্মপরিকল্পনা।

'ঘরে ঘরে দুর্গ গড়ে তোল', 'সাত কোটি মানুষকে দাবায়ে রাখতে পারবা না', 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম আমাদের স্বাধীনতার সংগ্রাম' গেরিলা যুদ্ধের রণকৌশল ছিল এ ভাষণে। পাকিস্তানি সামরিক শাসকেরা প্রস্তুত রেখেছিল তাদের সমরাস্ত্র। কী বলেন শেখ মুজিব তাঁর ভাষণে, সেটা শুনেই তারা ঝাঁপিয়ে পড়বে এই ময়দানে, এয়ার অ্যাটাক করবে এবং গুলি করে সমবেত মানুষগুলিকে হত্যা করে তাঁদের স্বাধীনতার আকাঙ্ক্ষাকে চিরতরে স্তব্ধ করে দেবে।

কিন্তু ৭ মার্চের ভাষণের রণকৌশলে বাঙালি জাতি আশ্বস্ত হয়ে সকল প্রস্তুতি নিতে ছড়িয়ে পড়েছিল গ্রামবাংলায়, প্রস্তুতি নিয়েছিল যুদ্ধের। প্রতিটি ঘরই পরিণত হয়েছিল এক-একটি দুর্গে। প্রতিটি মানুষ হয়েছিল এক-একজন যোদ্ধা। আর এই ভাষণ ছিল সকল প্রেরণার উৎস। আর সে কারণেই এত দ্রুত বাঙালি বিজয় অর্জন করেছিল।

আমরা ধন্যবাদ জানাই আমাদের মিত্র শক্তিদের, যারা সে সময় দাঁড়িয়েছিল আমাদের পাশে।

লেখক : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ কন্যা
এবং
মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

He had a full glance at the vast billowy sea of people. Then he roared in a thunderous voice: "Brethren of mine…"

When he was delivering that historical speech, he has no note, no sheet of paper or anything like that. Removing the pair of spectacles from his eyes, he left it on the table. Then he delivered the speech, saying those things which came to his mind spontaneously. Every word of the speech became inscribed permanently in the hearts of the Bengalis. The freedom-loving nation achieved the independence, got rid of all the exploitations and deprivations by following the instructions word by word which the leader uttered that day in his speech, containing the word 'liberty' in his heart.

Forty seven years have passed since the achievement of independence. But the appeal of the speech to people's heart is still intact. Speech of no other leader in the world could remain so much appealing for a so long time. In this long span of almost half a century, the record of the speech has been played how many times, in how many places, and how many people have heard it. Have these been calculated ever? No! The record is played every year on March 7 from the capital city of Dhaka to the remotest villages of the country. People get yet an inspiration by listening to this speech on the Independence Day and other national days. But the military dictators dared to ban the speech for about two decades after Bangabandhu Sheikh Mujibur Rahman, the Father of the Nation, along with his family members had been assassinated on August 15, 1975.

Yet the leaders and activists of Awami League, who are wholly devoted to their great leader Sheikh Mujib, did not stop. Many of them were tortured for playing the record. Some of them were even killed. But despite everything, they continued to play and hear the record indomitably.

The speech, which was the greatest source of inspiration to the people of Bangladesh and the freedom fighters in the battle fields, which provided strength to the nation when transmitted from the Swadhin Bangla Betar Kendra (Radio Independent Bangladesh), the military junta banned it for long 21 years after 1975. Then in

1996, when Awami League came to power, the mass media started to transmit and publish it again.

Recently the speech has been recognized as a 'World Documentary Heritage'. UNESCO has included the speech in its 'Memory of the World: International Register'. The speech is also included in 'The World's Great Speeches', a reference book edited by B. N. Ahuja. Besides it is also placed in 'We shall Fight on the Beaches: the Speeches that Inspired History', a book written by the historian writer Jacob F. Field.

All the great speeches delivered by the world leaders were pre-prepared, written speeches. But Sheikh Mujib's speech on March 7 of 1971 was a spontaneous, impromptu one. It was the summery of a leader's long experience of political movements and fights and his future plan of actions. It was the preparatory instructions for a war that brought the victory. Outlines of the victory were drawn in this speech, which inspired the then seventy million people of Bangladesh.

Tactics of guerilla warfare was hinted there in the speech when the leader said such sentences as 'turn every house into a castle', 'you can't suppress seventy million people', 'this time our fight is for our freedom, this time our fight is for our liberty'. Pakistani military rulers kept their arms ready. They were waiting to hear whether Sheikh Mujib was going to declare independence directly. They were determined to attack the meeting and massacre the people by shooting and an air attack to make their wish of independence silent forever. So the leader had to deliver all his words very much carefully and tactfully.

But the nation could understand his every word clearly and they became assured. Following the leader's instructions, they spread all over the rural Bengal to take preparation for the war of liberation. Every house of Bangladesh turned literally into a castle. Every Bengali transformed into a fighter. And this speech was the source of all the inspirations. And that is why the nation earned the victory so quickly.

We of course convey our thanks to our alliance powers that stood beside us at that hard time.

Author: The eldest daughter of
Bangabandhu Sheikh Mujibur Rahman
and
The Honourable Prime Minister
People's Republic of Bangladesh.
Translated by Jyotirmoy Nandy





# বত্রিশ নম্বর সড়কের বাড়ি

কামাল চৌধুরী

এই বাড়িটা জাতির পিতার, এই বাড়িটা সবার
এই বাড়িটা মুজিব নামে পলাশ, রক্তজবার
এই বাড়িটা অশ্রুলেখা শোকের আগস্ট মাস
এই বাড়িটা পিতৃভূমির কান্না, দীর্ঘশ্বাস।
এই বাড়িটা পদ্মা-মেঘনা, মধুমতির জল
এই বাড়িতে চিরকালের সাহস অবিচল
মুক্তিদাতা উন্নত শির-দীর্ঘদেহী ভোর
এই বাড়িটা অন্ধকারে তাড়ায় ঘুমঘোর।

এই বাড়িটা একাত্তরে মুক্ত নীলাকাশ
হত্যাকারী, শত্রুসেনা, রাজাকারের ত্রাস
এই বাড়িটা সাহস দিলে আমরা জেগে থাকি
বাংলা মায়ের রক্তশপথ হাত উঁচিয়ে রাখি।

এই বাড়িটা হাজার বছর পলিমাটির ক্রোধে
লালসবুজে মহিমাময় আত্মত্যাগী রোদে
এই বাড়িটা ধুলো-কাদা, বৃষ্টিভেজা মাটি
মহাকালের বটের ছায়ায় আমরা সবাই হাঁটি।

এই বাড়িতে মুজিব আছেন, জাতির বাতিঘর
রবি ঠাকুর, নজরুল তাঁর প্রাণের কণ্ঠস্বর
এই বাড়িতে পাল উড়িয়ে মহামানব আসে
জয়বাংলার স্রোতের মুখে নৌকোখানি ভাসে।

তর্জনীতে আকাশ কাঁপে, তর্জনীতে দেশ
এই বাড়িটা বজ্রকণ্ঠ-মুক্তি অনিঃশেষ
এই বাড়িটা স্বাধীনতা, রক্ত দিয়ে লেখা
এই বাড়িতে বিশ্বজনের মহাসাগর দেখা।

এই বাড়িটা স্মৃতিসত্তা, জাতির জাদুঘর
এই বাড়িতে জাতির পিতা, আছেন মুজিবর
এই বাড়িটা তোমার আমার আত্মপরিচয়
এই বাড়িটা বঙ্গবন্ধু, জাতির হিমালয়।

কবি: প্রধান সমন্বয়ক
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

# The House in Road No. 32

Kamal Chowdhury



Father of the nation's house this is,
this is everybody's house.
This is the house of a blood-red
flower named Mujib,
This house belongs to August,
the tearful month of mourning.
This house is the lamentation and
the sigh of my fatherland.

The house is the waters ofthe rivers--
Padma, Meghna, Madhumati,
Bravery is unperturbed here
in this house great.
Our liberator with his head high
heralded the dawn to us.
This house drives the languour of
sleepiness away in the dark.

This house is the freedom of
the blue sky of seventy-one.
It's a terror to the killers,
traitors and army of foes.
We are awake when
the house gives us courage;
We lift our hands together with our
pledge to serve the motherland.

This house is the anger of our soil
stored for thousands of years,
Glorious with the red-green colours,
and dedicated under the sun.
This house is dust and mud,
and soil soaked in rain,
We all walk under the shadow of the
banyan tree of eternal time.

Sheikh Mujib is there in the house—
The light house of the nation.
The voices of his heart are
the poets Tagore and KaziNazrul.
The great man comes here
flying up the fluttering sail.
His boat floats in the mouth of
the river named Joy Bangla.

On his forefinger shiver
the sky, the land.
This house is his thunderous voice—
the endless freedom.
This house is the independence
inscribed in blood.
The whole world witnessed
an ocean in this house.

This house is our remembrance,
our national museum.
Mujib, the Father of the Nation,
is there in this house.
This house is the self-recognition
of yours and mine,
This house is Bangabandhu,
the Himalayas of the nation.

Poet: Chief Coordinator, National Implementation Committee of the Celebration of Birth Centenary of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman

Translated by Jyotirmoy Nandy

# তোমার স্বপ্নের চেয়ে তুমি যে অধিক  প্রিয় পিতা

আসাদ মান্নান



তোমাকে পাহারা দেয় সারাক্ষণ অনিবার্য মৃত্যুর ফেরেস্তা:
কবর তোমাকে পেতে কী নির্মম অপেক্ষায় তোমার পাশেই
সর্বদা হা করে  থাকে! চেয়ে চেয়ে দ্যাখে কখন দায়িত্ব শেষে
দেবদূত চলে যাবে অন্যদিকে– অন্য কোনো শিকারের কাছে।
জল্লাদের হাতে ধরা রশিটাও বহু দিন ধরে গুণতে থাকে
কখন যে আসবে সেই যুগশ্রেষ্ঠ কয়েদির অন্তিম প্রহর :
দিন যায় মাস যায়– দুঃসময় স্থির  যেন ঘড়ির কাঁটায়;
বিধ্বস্ত ভাটিজ  ভূমি ডুবে থাকে এক রক্তাক্ত উপত্যকায়।

এটা কোনো কল্পকথা কিংবা কোনো পাতালের রূপকথা নয় :
তোমার না-থাকা নিয়ে তুমি পিতা! ছিলে সবখানে – যেন
ঘরে ঘরে  সযত্নে রক্ষিত এক গোপন বারুদ–
অগ্নিদগ্ধ জনপদে কী দারুন সাহসী তোমার সন্তানেরা!
মৃত্যুর বিরুদ্ধে এসে দলে দলে দাঁড়িয়েছে সে-বারুদ বুকে;
রক্তে ভাসে নীল পদ্ম, অকাতরে  কত প্রাণ ঝরে পথে ঘাটে।
শোকের বিছানা পেতে পড়ে থাকে বিধবার করুণ কঙ্কাল;
ধর্ষিতা মা ও মেয়ের আর্তনাদে অমাবস্যা  নেমে আসে, আর
শোকার্ত মায়ের চোখে  দিন আসে সূর্যহীন ভোরের আকাশে–
বিজয়ের রথে চড়ে সূর্য  এলো; তবু  যেন বিজয় অপূর্ণ।

সেদিন যদিও ওড়ে পতাকার সাথে সাথে প্রাণের উল্লাস,
উল্লাসে  ছিল না  প্রাণ, কণ্ঠে কণ্ঠে  গান  সুরহীন,
আলো ছিল– আলোর ভেতরে তবু এক টুকরো অন্ধকার  ছিল;
সে দিন  ছিল না কেউ আলো থেকে  দূর  করে সেই  অন্ধকার।
যাঁর নামে মাতৃভূমি গায়ে দেয় অবিনাশী রক্তের পোশাক
প্রসন্ন নদীর জলে কে আবার তাঁর নামে নৌকা বেয়ে যাবে?
শত্রুকে তাড়ালো যারা  তারা  আজ তুমিহীন নিরানন্দে থাকে–
তোমার স্বপ্নের চেয়ে তুমি যে অধিক  প্রিয় পিতা সন্তানের চোখে।
কী করে  তোমাকে ছাড়া বিজয়ের মহোৎসবে  পাহাড় সমুদ্র
বীরশ্রেষ্ঠ  ক্যাপ্টেনের রক্ত বুকে  দুর্বিনীত মহানন্দা নদী
গাছপালা তরুলতা জঙ্গলের পশু-পাখি   বাউল সাধক
সবাই মিলিত স্বরে  গৌরবের   জয়ধ্বনি দেবে– জয় বাংলা!

অপেক্ষার তসবি হাতে জায়নামাজে বসে আছে তোমার সন্তান–
পিতা! তুমি ফিরে  আসবে প্রকৃত বিজয়ী বীর যোদ্ধার পোশাকে।
কত  গিরি নদী পথ পার হয়ে  তুমি এলে স্বপ্নের মতন–
যেন মাঠে  সোনা ফলে কৃষকের হাসি জমে ধানের গোলায় :
ফিনিক্স পাখির মতো চিতাভস্মে জেগে ওঠে তোমার স্বপ্নের
দুঃখিনী সোনার বাংলা – শহীদের  রক্তজাত এই বাংলাদেশ।

কবি: সদস্য, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন

সেদিনের আরেকটি ঘটনা এখানে উল্লেখ না করলেই নয়। বঙ্গবন্ধু আলাপচারিতার এক পর্যায়ে বললেন, শোন, আইয়ুব খানের আমলে আমি যখন হুলিয়া নিয়ে দেশের নানা স্থানে ঘুরে বেড়াই তখন এই পাহাড়ের পূর্ব দিকে এক চৌকিদারের ঝুপড়ি ঘরে আমি আশ্রয় নিয়েছিলাম। বঙ্গবন্ধু উপস্থিত ডিসিকে উদ্দেশ্য করে বললেন, দেখ তো তাঁকে খুঁজে বের করা যায় কিনা। বঙ্গবন্ধুর নির্দেশে তাকে আনা হলো। তার সঙ্গে বঙ্গবন্ধু কথা বললেন এবং ডিসিকে তাৎক্ষণিক নির্দেশ দিলেন তার জন্য কিছু খাস জমির ব্যবস্থা করার জন্য।

সাত.

৬ জুলাই ১৯৭৫। বঙ্গবন্ধুর ৩২ নাম্বারের বাড়িতে দ্বিতীয়বার যাওয়া। আমি তখন চট্টগ্রামে বিডিআর-এর সেক্টর কমান্ডার। ঢাকায় হেড কোয়ার্টারে এসেছিলাম একটি কাজে। বঙ্গবন্ধুর সঙ্গে দেখা করার ইচ্ছে ছিল। এক পর্যায়ে সুযোগও পেলাম। আমি আর বঙ্গবন্ধু ৩২ নাম্বারের বাসায় তৃতীয় তলায় দক্ষিণের বারান্দায় বসে কথা বলছি। বঙ্গবন্ধু দেশের পরিস্থিতির পাশাপাশি আমার কাছে বাংলাদেশ-মিয়ানমার (বার্মা) সীমান্তের চোরাচালান সংক্রান্ত বিষয়াদি জানতে চাইলেন। আমি যেহেতু ওই অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত সেক্টর কমান্ডার তাই আমাকে তিনি কিছু দিক-নির্দেশনা দিলেন। সাক্ষাতের এক পর্যায়ে শেখ কামাল এলেন। সেনাবাহিনীর অফিসার হিসেবে তার সঙ্গে আমার আগে থেকেই পরিচয় ছিল। তবে বঙ্গবন্ধুকে সেদিন খুব বিষণ্ন মনে হয়েছিল। তাঁকে চিন্তিত মনে হয়েছিল। এই দীর্ঘ সময়ের কথাবার্তায় কখনও মনে হয়নি আমি একজন রাষ্ট্রপ্রধানের সঙ্গে কথা বলছি। আসার সময় তিনি তাঁর স্বভাবসুলভ ভঙ্গিতে বললেন, 'ভাল থাকিস।' সেই দেখাই বঙ্গবন্ধুর সঙ্গে আমার শেষ দেখা।

জাতির পিতা বঙ্গবন্ধু এই ভূ-খন্ডে জন্মগ্রহণ করেছেন গোপালগঞ্জের টুঙ্গিপাড়া নামক এক অজপাড়াগাঁয়ে। তারপর অনেক চড়াই-উৎড়াই পেরিয়ে তিনি শেখ মুজিব থেকে বঙ্গবন্ধু এবং জাতির পিতা হয়েছেন। হয়েছেন ইতিহাসের মহানায়ক, সর্বশ্রেষ্ঠ বাঙালি। বঙ্গবন্ধু মনেপ্রাণে ছিলেন খাঁটি বাঙালি। তাঁর চলনে বলনে বেশভূষায় বাঙালিত্বের ছাপই লক্ষ্য করা গেছে। সাধারণ জীবন যাপনে তিনি ছিলেন অভ্যস্ত। তাঁর মতো সাহসী রাজনীতিবিদ ইতিহাসে খুবই কম। মৃত্যুর মুখোমুখি দাঁড়িয়েও দেশপ্রেমে অটল ছিলেন তিনি। ছিলেন আপসহীন ও নির্ভীক। দু'বার ফাঁসির মঞ্চ থেকে ফিরে এসেছেন। তিনি ছিলেন দূরদর্শী, যার প্রমাণ পাওয়া যায় তাঁর ৭ মার্চের ভাষণে। এদিন তিনি আনুষ্ঠানিক ঘোষণা এড়িয়ে গিয়ে এমন বক্তব্য দিলেন যা স্বাধীনতার ঘোষণারই শামিল। মানুষকে খুব সহজে আপন করে নিতেন, যার প্রমাণ আমি নিজে। তাঁর স্মৃতিশক্তি ছিল প্রখর। হিমছড়ির সেই চৌকিদারের কথা নামসহ মনে রাখা এবং তাকে সহায়তা এর বড় দৃষ্টান্ত হতে পারে।

বিশ্বভ্রাতৃত্বের প্রতি তিনি ছিলেন উদার। তাঁর কূটনৈতিক

SEVEN

July 6, 1975. I visited Bangabandhu's Road No. 32 residence for the second time. I was the Sector Commander of BDR in Chattogram. I came for some works at the headquarters in Dhaka. I wanted to meet Bangabandhu. At one point I got the opportunity. I and Bangabandhu were sitting on the second floor of the house's south porch.

Bangabandhu asked me about the smuggling of Bangladesh-Myanmar (Burma) border along with the situation in the country. Since I am the Sector Commander in that area, he gave me some guidance. At one stage of the meeting, Sheikh Kamal arrived. I had already met him as an army officer. However, Bangabandhu felt very depressed that day. He was worried. During this long conversation I never felt like I was talking to a president. At the departure, he said in his natural attitude, "Be well." That was my last meeting with Bangabandhu.

The father of the nation, Bangabandhu, was born in this part of the country in a remote village called Tungipara in Gopalganj. After going through many ups and downs, he became Bangabandhu and the father of the nation from Sheikh Mujib. He became the greatest Bengali of the history. Bangabandhu was a pure Bengali. His impression of Bengalism had been noticed in his speech. He was accustomed to living a normal life. Brave politicians like him are few in the history. He was steadfast in his patriotism in the face of death. He was uncompromising and fearless. He has returned from the gallows twice. He was a visionary, as evident in his March 7 speech. On that day, he avoided the formal declaration and made a statement that included the Declaration of Independence. He could make people friendly too easily, I myself is an example. His memory was intense. Remembering the name and details of the security guard of Himchari and helping him is a great example.

He was generous to the world brotherhood. Because of his diplomatic foresight, many nations of the world recognized a newly independent country shortly afterwards. Due to his leadership and personality, Indian troops left Bangladesh within just three months of independence. Such events are rare in the history of the world. World War II ended in 1945. Even today, foreign troops remain in many countries of the

দূরদর্শিতার কারণে অল্পসময়ে সদ্য স্বাধীন একটি দেশকে পৃথিবীর বহু দেশ স্বীকৃতি দিয়েছিল। তাঁর নেতৃত্ব ও ব্যক্তিত্বের কারণেই স্বাধীনতার মাত্র তিন মাসের মধ্যে ভারতীয় সৈন্য বাংলাদেশ ত্যাগ করে। পৃথিবীর ইতিহাসে এই ধরনের ঘটনা বিরল। দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হয়েছে ১৯৪৫ সালে। অথচ আজও বিদেশি সৈন্য রয়ে গেছে জার্মানি, দক্ষিণ কোরিয়া, ফিলিপাইন, জাপানসহ পৃথিবীর বহু দেশে। শুধু তাই নয়, দেশ স্বাধীনের পর মুক্তিযোদ্ধাদের অস্ত্রসমর্পণ প্রক্রিয়াটিও হয়েছিল তাঁরই ব্যক্তিত্বের কারণে। এই গুণের কারণে বঙ্গবন্ধু বেঁচে আছেন এ দেশের কোটি কোটি মানুষের হৃদয়ে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্দোলন-সংগ্রামের মাধ্যমে হয়ে উঠেছিলেন জাতির প্রতীক। স্কুল জীবন থেকেই ধাপে ধাপে এ পর্যায়ে এসেছেন তিনি। হঠাৎ করে নেতা হননি বা ক্ষমতায় আসেননি তিনি। বড় নেতা তারাই যারা সময়ের সঙ্গে সঙ্গে আরও বড় হতে থাকেন। তাদের হত্যা করে সমাজ থেকে নির্বাসিত করা যায় না। তারা বার বার ফিরে আসেন। অব্রাহাম লিংকন, মার্টিন লুথার কিং, মহাত্মা গান্ধীকেও কুচক্রীরা হত্যা করেছে কিন্তু ইতিহাস থেকে মুছতে পারেনি। বঙ্গবন্ধুকেও বাঙালির ইতিহাস থেকে মুছে দিতে কম চেষ্টা হয়নি, কিন্তু পারেনি। আসলে ইতিহাস কারও নির্দেশে রচিত হয় না। ইতিহাস তার নিজস্ব গতিতেই চলে। ইতিহাসের সত্য রক্ষার খাতিরে ইতিহাসই বঙ্গবন্ধুকে ধরে রাখবে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর দ্বারপ্রান্তে আমরা। জাতির পিতা সশ্রদ্ধ চিত্রে স্মরণ করছি। আমি আজ সৌভাগ্যবান ও গর্বিত যে, জাতির পিতা কন্যা শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আওয়ামী লীগের একজন কর্মী হিসেবে কাজ করছি। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সমর্থন নিয়ে পরপর তিনবার কুমিল্লা-১ (দাউদকান্দি ও মেঘনা) আসন থেকে নির্বাচিত হয়ে এসেছি। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার কাজে মাননীয় প্রধানমন্ত্রীর পাশে কাজ করছি। আমি গর্বিত একজন মুক্তিযোদ্ধা হিসেবে মুক্তিযুদ্ধে নেতৃত্ব দানকারী দল আওয়ামী লীগের পতাকাতলে আশ্রয় পেয়েছি। আমি জীবনের শেষ দিনটিও যেন আওয়ামীলীগ ও দেশবাসীর জন্য আত্ম-উৎসর্গ করতে পারি আল্লাহর দরবারে এই ফরিয়াদ আমার।

লেখক : সভাপতি
প্রতিরক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটি।

world, including Germany, South Korea, the Philippines and Japan. Not only that, the process of surrender of the freedom fighters after the liberation of the country was also due to his personality. Due to this quality Bangabandhu lives in the hearts of Millions of people of this country.

Bangabandhu Sheikh Mujibur Rahman became the symbol of the nation through the movement and struggle. He came to this stage step by step from school life. He did not suddenly become a leader or came to power. Big leaders are the ones who grow bigger over time. They cannot be expelled from society by killing. They come back again and again. Abraham Lincoln, Martin Luther King, Mahatma Gandhi were also killed by ill motivated people but could not be erased from history. A huge effort was made to erase Bangabandhu from the history of Bengal, but could not be done. In fact, history is not written in anyone's direction. History runs at its own pace. For the sake of preserving the truth of history, history will hold Bangabandhu.

We are at the doorstep of the birth centenary of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. I commemorate Father of the Nation with honor. Today, I am fortunate and proud to be working as an activist of Bangladesh Awami League under the leadership of Sheikh Hasina, daughter of father of the nation. I have been elected Member of Parliament from Comilla-3 (Daudkandi and Meghna) three times with the support of Honorable Prime Minister Sheikh Hasina. I am working with the Prime Minister to create the golden Bangla of Bangabandhu's dream. As a proud freedom fighter, I have found shelter under the flag of the Awami League that led the Liberation War. I pray to almighty as I may dedicate the last day of my life to the Awami League and people of the country.

Author: Chairman, Parliamentary Standing
Committee on the Ministry of Defense.

Translated by Mizanur Rahman Yousuf



A DAY WITH BANGABANDHU

# CONTEXT SIX POINTS DEMAND

Engineer AKM Fazlullah

6 September, 1965. Suddenly a war started between India and Pakistan. At that time, a vacation was going on in my engineering university at Lahore. Waking up in the morning, I saw all the Bengali labourers were sitting beside the Grand Trunk Road. They told me that, firings have started in the India-Pakistan border adjoining Bata Company. Eighty percent of the employees there were Bengalis. Some came from Noakhali, some from Chattogram.

One Bengali labourer said, he and his colleagues had run away from the factory. Indian soldiers entered there firing continuously, but left the place later. They were afraid, they thought that

# বঙ্গবন্ধুর পাশে একদিন প্রসঙ্গ ৬ দফা

প্রকৌশলী এ কে এম ফজলুল্লাহ

১৯৬৫ সালের ৬ সেপ্টেম্বর। হঠাৎ ভারত-পাকিস্তান যুদ্ধ লেগে গেলো। সেপ্টেম্বরে লাহোরে আমাদের ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটিতে দুই মাসের বন্ধ চলছে। ঘুম থেকে জেগে দেখলাম, গ্র্যান্ড ট্রাংক রোডে সব বাঙালি শ্রমিকরা বসা। ভারত-পাকিস্তান সীমান্তে বাটা কোম্পানির সন্নিকটে গোলাগুলি শুরু হয়েছে। যেখানে ৮০ ভাগ বাঙালি কাজ করতো। কারও বাড়ি নোয়াখালী, কারও চট্টগ্রাম।



want, talk with me in English, please. He will speak in English after winning the election and not before that. We became winner in the election. At that time there was a rule in the university—the President of the Student Council could announce a leave. We asked Bashir to announce a leave of three days. Pondering over the point, he announced a leave of one day only.


The teacher in charge of the students' welfare came to my room, and asked me why the leave was announced. I was alone in the room and became a little nervous after I was asked the question. Then I answered, "The leave is announced out of excitement after we won the election. It was wrong actually. I'm sorry, sir." He became satisfied after hearing my explanation, and left after having a cup of tea with me.

This tradition of the Bengali student's victory continued when Mahiuddin of Chattogram elected General Secretary of the Students Council in LUET. At present, he is working as the Managing Director of Oxford University Press.

Engineer Mosharraf Hossain, former Honorable Minister, Colonel (Retd.) Kazi Shahed Ahmed, the Editor of the Bengali daily Ajker Kagoj, Mainul Ahsan, brother of the economist Prof. Dr. Moinul Islam, Late Engr. Jamal Bhai and many others were the students of LUET. Engr. Mosharraf Hossain was also elected the Secretary of East Pakistan Students Association in Lahore. I was also elected in the same post the next term.

Author: Managing Director, Chattogram WASA

Translated by Jyotirmoy Nandy





# শতবর্ষে মুজিব

এলমা ওয়াজেদ

সম্মোহনীতা হচ্ছে অত্যাকর্ষণজনিত মোহিনীশক্তি, যা যুগে যুগে কোনো না কোনো ব্যক্তিত্বে প্রকাশ পায়। এসব ব্যক্তিত্বের আঙুলের ইশারায় পৃথিবীর বুকে মহাবিপ্লব সংঘটিত হয়। তাঁদের নেতৃত্বগুণে গোটা মানবজাতির মুক্তি আসে। ব্যক্তিত্ব ও নেতৃত্বের সর্বোচ্চ গুণাবলির এই সমন্বিত রূপ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মধ্যে বিরাজমান। বিশ্বসম্মোহনীদের নামের তালিকায় আমাদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বাগ্রে। তিনি সগৌরবে সম্মোহনীতার আসনে সমাসীন। বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালনের জন্য ঘোষিত বর্ষ হলো মুজিববর্ষ। বাংলাদেশ সরকার ২০২০-২১ সালকে মুজিববর্ষ হিসেবে পালনের ঘোষণা দিয়েছে।

## জন্ম ও পারিবারিক পরিচয়

<table>
<tr><td colspan="30">বাংলাদেশের স্রষ্টা এবং বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বংশপরিচয়</td></tr>
<tr><td colspan="30">দরবেশ শেখ আউয়াল<br>(হজরত বায়োজিদ বোস্তামি (রা.)-এর সঙ্গে ১৪৬৩ খ্রিষ্টাব্দে আগমন)</td></tr>
<tr><td colspan="30">↓</td></tr>
<tr><td colspan="30">শেখ জহিরউদ্দিন</td></tr>
<tr><td colspan="30">↓</td></tr>
<tr><td colspan="30">শেখ জান মাহমুদ ওরফে তেকড়ি শেখ</td></tr>
<tr><td colspan="30">↓</td></tr>
<tr><td colspan="30">শেখ বোরহানউদ্দিন</td></tr>
<tr><td colspan="10">↓</td><td colspan="10">↓</td><td colspan="10">↓</td></tr>
<tr><td colspan="10">শেখ আকরাম</td><td colspan="10">শেখ তাজ মাহমুদ</td><td colspan="10">শেখ কুদরতউল্লাহ্</td></tr>
<tr><td colspan="30">↓</td></tr>
<tr><td colspan="10">শেখ অছিমুদ্দিন</td><td colspan="10">শেখ আবদুল হামিদ</td><td colspan="10">শেখ আবদুর রহমান</td></tr>
<tr><td colspan="30">↓</td></tr>
<tr><td colspan="30">শেখ লুৎফর রহমান (মৃত্যু: ৩০ মার্চ ১৯৭৫)</td></tr>
<tr><td colspan="15">↓</td><td colspan="15">↓</td></tr>
<tr><td colspan="15">শেখ মুজিবুর রহমান<br>জন্ম: ১৭ মার্চ ১৯২০, নিহত: ১৫ আগস্ট ১৯৭৫</td><td colspan="15">শেখ আবু নাসের<br>জন্ম: ১৯২৮ সালের সেপ্টেম্বর মাস, নিহত: ১৫ আগস্ট ১৯৭৫ সাল</td></tr>
<tr><td colspan="30">↓</td></tr>
<tr><td colspan="6">শেখ হাসিনা<br>জন্ম: ২৮ সেপ্টেম্বর ১৯৪৭</td><td colspan="6">শেখ কামাল<br>জন্ম: ৫ আগস্ট ১৯৪৯<br>নিহত: ১৫ আগস্ট ১৯৭৫</td><td colspan="6">শেখ জামাল<br>জন্ম: ২৮ এপ্রিল ১৯৫৪<br>নিহত: ১৫ আগস্ট ১৯৭৫</td><td colspan="6">শেখ রেহানা<br>জন্ম: ১৩ সেপ্টেম্বর ১৯৫৫</td><td colspan="6">শেখ রাসেল<br>জন্ম: ১৮ অক্টোবর ১৯৬৪<br>নিহত: ১৫ আগস্ট ১৯৭৫</td></tr>
</table>

# Mujib in hundred years

Elma Wazed



Hypnotism is the art of fascinating with attraction, which is manifested in very few personalities over the ages. At the gesture of index finger of these personalities many great revolutions took place on the earth. Under their leadership, the entire human race is liberated. Bangabandhu Sheikh Mujibur Rahman had the perfect blend of strong personality and highest quality of leadership. The Father of our Nation Bangabandhu Sheikh Mujibur Rahman is at the forefront of the list of greatest hypnotists in the history of the world. He is the best of all the best hypnotists. As part of celebrating the birth centenary of Bangabandhu, the government of Bangladesh has declared the year 2020-21 as Mujib Year.

## BIRTH AND FAMILY BACKGROUND

The Family background of Bangabandhu Sheikh Mujibur Rahman

Saint Sheikh Awal
(Arrived in Bengal with Hazrat Bayzid Bostami in 1463)

↓

Sheikh Jahiruddin

↓

Sheikh Jan Mahmud alias Tekri Sheikh

↓

Sheikh Borhan Uddin

↓

| | | |
|---|---|---|
| Sheikh Akram | Sheikh Taz Mahmud | Sheikh Kudrat Ullah |

↓

| | | |
|---|---|---|
| Sheikh Asim Uddin | Sheikh Abdul Hamid | Sheikh Abdur Rahman |

↓

Sheikh Lutfur Rahman (Death: March 30, 1975)

↓

| | |
|---|---|
| Sheikh Mujibur Rahman<br>Birth: March 17, 1920. Death: August 15, 1975 | Sheikh Abu Naser<br>Birth: September, 1928. Death: August 15, 1975 |

↓

| | | | | |
|---|---|---|---|---|
| Sheikh Hasina<br>Birth: September 28, 1947 | Sheikh Kamal<br>Birth: August 5, 1949. Death August 15, 1975 | Sheikh Jamal<br>Birth: April 28, 1954. Death August 15, 1975 | Sheikh Rehena<br>Birth: September 13, 1955 | Sheikh Rasel Birth: October18, 1964 Death August 15, 1975 |